

# YOU BED



PRESS RELEASE সংবাদ বিজ্ঞপ্তি

সেপ্টেম্বর 15, 2020

## সুইডিশ উদ্ভাবন বৈশ্বিক হোটেল শিল্পে বিপ্লব ঘটিয়েছে

যেকোন হোটেলের প্রথম অগ্রাধিকার হচ্ছে তাদের অতিথিদের জন্য রাতে ভাল ঘুমের ব্যবস্থা করা। এই সেবার জন্য হোটলে অবশ্যই আরামদায়ক বিছানার নিশ্চয়তা অন্তর্ভুক্ত করতে হবে; এটি এমন এক প্রতিশ্রুতি যা এখনো পূরণ করা সম্ভব হয়নি, কেননা প্রত্যেক অতিথির রয়েছে নিজস্ব অনন্য পছন্দ। তবে এখন এটির পরিবর্তন হতে পারে যেহেতু সুইডিশ কোম্পানি YouBed এমন এক বিছানা উদ্ভাবন করেছে যাতে ব্যক্তিগত পছন্দ অনুযায়ী জাজিমের আরাম ঠিক করা যায়। দি সুইডিস ট্রেড এন্ড ইনভেস্ট কাউন্সিল, বিজনেস সুইডেন-এর সাথে যৌথভাবে YouBed একই-বিছানা-সবার-উপযোগী করে উদ্ভাবন করে এখন বিশ্বব্যাপী হোটেল চেইনসমূহে পরিচিতি তৈরি করেছে।



সুইডিশ কোম্পানি YouBed কেবল একটি রিমোট ব্যবহার করে সর্বাধিক ঘুমের আরামের সাথে আপস না করে একটি উচ্চ-স্তরের পকেট স্প্রিং সম্বলিত জাজিমের দৃঢ়তা নিয়ন্ত্রণ করার উপায় আবিষ্কার করেছে। অনন্য ঘুমের ধারণার মাধ্যমে এই একই-বিছানা-সবার-উপযোগী সমাধান বিশ্বব্যাপী পাওয়া যাবে, যা হোটেল শিল্পের জন্য গেম-চেঞ্জিং বিষয় হবে বলে মনে করা হচ্ছে, যার ফলে হোটেলগুলি শেষ পর্যন্ত প্রত্যেক অতিথিকে এমন কিছু প্রদান করতে সক্ষম হবে যা তারা প্রত্যাশা করেন: একটি আরামদায়ক হোটেলের বিছানা এবং রাতে সর্বোত্তম ঘুমের জন্য একটি ভাল ব্যবস্থার নিশ্চয়তা।

- ব্যক্তিগত স্বাস্থ্যের সাথে সমন্বয়যোগ্য ঘুমের আরাম হচ্ছে মিসিং লিঙ্ক, যা শেষ পর্যন্ত হোটেলগুলিকে তাদের পূর্ণ সম্ভাবনার পর্যায়ে পৌঁছে দেবে। আমরা আশা করছি যে, অনেকেই তাদের হোটেলের অফার এবং প্রতিযোগিতা বৃদ্ধিতে এটিকে এক দুর্দান্ত সুযোগ হিসাবে বিবেচনা করবেন।

আমি অবাক হবো না, যদি দেখি আমাদের উদ্ভাবনটি হোটেল শিল্পে এক অনুসরণীয় আদর্শ হিসাবে দৃষ্টান্ত স্থাপন করে, এবং সর্বোত্তম উপায়ে এই উন্নয়নকে সহায়তা দিয়ে যাওয়া হচ্ছে আমাদের দায়িত্ব। YouBed - এর প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রতিষ্ঠাতা Mattias Sörensen বলেন, আমরা তাই ঘুমের ধারণাকে প্রমাণ করার জন্য বহু বছর কাটিয়েছি, পাশাপাশি একটি প্রত্যাশিত বৈশ্বিক চাহিদা পূরণ করার জন্য অবকাঠামো এবং সক্ষমতা তৈরি করে চলেছি।

বিজনেস সুইডেন এবং অন্যান্য সরকারি দফতরের সাথে অনন্য সহযোগিতায় এখন বিশ্বব্যাপী YouBed ঘুমের ধারণা চালু করা হচ্ছে। 44 টি নতুন YouBed অফিস – বিশ্বের প্রতিটি বাজারকে সহায়তা করার ক্ষমতাসহ ইতিমধ্যে আঞ্চলিক হোটেল গ্রুপগুলির সাথে কথাবার্তা বলা শুরু করেছে যা বিশ্ব জুড়ে পণ্যটির স্থানীয়ভাবে পরিচিতি প্রদান করবে বলে আশা করা হচ্ছে।

– YouBed ইতোপূর্বে আমাদের বিদ্যমান সহায়তা কাঠামো ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে, যা হচ্ছে শীর্ষস্থানীয় কোম্পানিগুলির জন্য দ্রুত বৈশ্বিক বাজারগুলিতে প্রবেশের এক সংক্ষিপ্ত পথ। প্রক্রিয়াটির প্রাথমিক পর্যায়ে সংশ্লিষ্ট থাকায় আমরা দীর্ঘমেয়াদি ব্যবসায়িক সম্পর্কের ভিত্তিতে আমাদের সংশ্লিষ্টতাকে উপযুক্ত স্তরে উন্নীত করতে পারবো। বিজনেস সুইডেন এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, হেড অব স্ট্রাটেজি অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট Fredrik Fexe বলেন, একটি নতুন সুইডিশ বহুজাতিক কোম্পানি প্রতিষ্ঠা করার অংশীদার হতে পেরে এবং তাদের গেম-চেঞ্জিং উদ্ভাবনকে এর সামর্থ্যের জন্য প্রাপ্য সহায়তা করতে পারার জন্য আমরা সত্যিই গর্বিত।

YouBed বর্তমানে ইউরোপের সব মোভেনপিক হোটেলের (Mövenpick Hotels) পাশাপাশি স্ক্যান্ডিনেভিয়ান ফার্স্ট হোটেলস্ (Scandinavian First Hotels) এবং স্ক্যান্ডিনিক হোটেলস্ (Scandic Hotels) -এ পাওয়া যাচ্ছে। YouBed ঘুমের ধারণাটি প্রাথমিকভাবে কর্পোরেট ব্র্যান্ড পরিচিতির জন্য কেবল চেইনের মধ্যে বিদ্যমান প্রতিটি হোটলে পাওয়া যাচ্ছে।

[www.youbed.com](http://www.youbed.com)

### আরও তথ্যের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন:

Mrs Anjali Bhola, প্রেস যোগাযোগ, YouBed India & ISC অফিস, [IndiaISC@youbedglobal.com](mailto:IndiaISC@youbedglobal.com), ফোন: : 000 80005 02172 / +91 9899144337

### YouBed সম্পর্কে

সুইডিস কোম্পানি YouBed উচ্চমানের পকেট স্প্রিং সম্বলিত জাজিম এর দৃঢ়তা সমন্বয় করার জন্য একটি নতুন পদ্ধতি আবিষ্কার ও তার পেটেন্ট করেছে। সর্বোচ্চ স্তরের বিছানা ও আরামদায়ক ঘুমের সাথে আপোস না করে, হাতের নিয়ন্ত্রকের সাহায্যেই কম সময়ে এবং সহজে সমন্বয় করার কাজটি সম্পন্ন করা হয়। শরীরের ওজন, উচ্চতা, আকৃতি বা পছন্দ মতো ঘুমের ভঙ্গিমা নির্বিশেষে সব ব্যবহারকারীর জন্য সর্বোচ্চ ঘুমের স্বাস্থ্য অর্জনের লক্ষ্যে আপনি জাজিমটির বিভিন্ন অংশকে (কাঁধ এবং নিতম্ব) আলাদা করে সূক্ষ্মভাবে সমন্বয়ও (ফাইন টিউন) করে নিতে পারেন। এর ফলাফল হচ্ছে বিশ্বের প্রথম ব্যক্তিগত পছন্দ অনুযায়ী সাজিয়ে নেওয়া বিছানা যা আরামের নিশ্চয়তা দেয়, এবং এমন শিল্পগুলিতে পণ্যটির কদর বৃদ্ধির বিশাল সুযোগ সৃষ্টি করেছে যেখানে ঘুম এবং বিছানা কেন্দ্রীয় ভূমিকা পালন করে।

### বিজনেস সুইডেন, দি সুইডিশ ট্রেড এন্ড ইনভেস্ট কাউন্সিল সম্বন্ধে

বিজনেস সুইডেন, সুইডিশ ট্রেড এন্ড ইনভেস্ট কাউন্সিল, সুইডিশ কোম্পানিগুলিকে বিশ্বব্যাপী তাদের বিক্রয় বৃদ্ধি করতে এবং আন্তর্জাতিক কোম্পানিগুলিকে সুইডেনে বিনিয়োগ এবং ব্যবসা সম্প্রসারণের জন্য সহায়তা করে। বিজনেস সুইডেন, সুইডিশ কোম্পানিগুলিকে তাদের পণ্য বাজারজাত করার সময় কমিয়ে আনতে, আয়ের নতুন উৎস সন্ধান এবং ঝুঁকি হ্রাস করতে সহায়তা করে। এছাড়াও তারা আন্তর্জাতিক সংস্থালিকে নতুন ব্যবসায়ের সুযোগ সন্ধান করতে, মূলধনের উপর অধিক হারে মুনাফা অর্জন করতে এবং নিরপেক্ষ সহায়তা প্রদানের মাধ্যমে সাহায্য করে থাকে। সর্বস্তরে নেটওয়ার্ক এর সহায়তার মাধ্যমে তারা

**YOU  
BED**



বিশ্বের সবচেয়ে আকর্ষণীয় বাজারগুলির মধ্যে 44 টিতে কৌশলগত পরামর্শ এবং বাস্তব সহায়তা প্রদান করে। বিজনেস সুইডেন, রাষ্ট্রে ও ব্যবসায়ী কমিউনিটির যৌথ মালিকানাধীন একটি প্রতিষ্ঠান।

**YOU  
BED**




## কোম্পানি সম্বন্ধে

|                |  |
|----------------|--|
| স্থাপিত:       | 2012   |
| রাজস্ব/ফলাফল:  | পণ্যটি বিশ্বব্যাপী ছড়িয়ে দেওয়ার ব্যবস্থা অনুকূল করতে 2018 সালে সমাপ্ত এই ধারণার প্রমাণ পর্ব শেষ না হওয়া পর্যন্ত তা বিক্রয় করা হয়নি।  |
| পরিচালকমণ্ডলী: | Mattias Sörensen, সিইও এবং প্রতিষ্ঠাতা<br>Stefan Hyltenfeldt; সিটিও এবং প্রতিষ্ঠাতা<br>Lars Björklund; আইপি বিভাগের প্রধান এবং সুইডিস প্যাটেন্ট এজেন্সির প্রাক্তন প্রধান<br>Olle Bergström; জিএমপিও এবং Telia-এ কর্ম পরিচালনার দায়িত্বে |
| অফিসের সংখ্যা: | 44   |
| কর্মী ও সংগঠন: | প্রায় 250 জন (পরামর্শকগণসহ), তন্মধ্যে 14 জন স্টকহোম প্রধান কার্যালয়ে এবং অবশিষ্ট 44 জন বিশ্বব্যাপী আঞ্চলিক কার্যালয়সমূহে কর্মরত।  |
| বাজার:         | বিশ্বব্যাপী  |
| মালিক সংখ্যা:  | 109  |
| সংগৃহীত মূলধন: | ৬ মিলিয়ন ইউরো   |

## উদ্ভাবন

- সুইডিস কোম্পানি YouBed সর্বদা সর্বোচ্চ স্তরের ঘুমের স্বাচ্ছন্দ্য বজায় রেখে উচ্চমানের পকেট স্প্রিং সম্বলিত ম্যাট্রেস (জাজিম) এর দৃঢ়তা সমন্বয় করার জন্য একটি নতুন পদ্ধতি আবিষ্কার ও তার পেটেন্ট করেছে।
- আপনি সহজেই নিজস্ব পছন্দমত নিখুঁতভাবে সম্পূর্ণ জাজিম বা এর বিভিন্ন অংশের দৃঢ়তা পৃথকভাবে সমন্বয় সাধন করে নিতে পারেন। সমন্বয়ের কাজটি এমন একটি রিমোট দিয়ে সহজেই করা হয় যা সম্পূর্ণ জাজিমকে নিয়ন্ত্রণ করে।
- সমন্বয়যোগ্য YouBed আধুনিকতম প্রযুক্তির ফ্রেম-বেড ভিত্তির উপর স্থাপিত, যা দুই স্তরের পকেট স্প্রিং সম্বলিত ও জাজিমের সম্পূর্ণ দৈর্ঘ্য ব্যাপী স্বতন্ত্রভাবে কাজ করে, এবং ব্যবহারকারীর ওজন এবং শরীরের আকৃতি আরও ভালভাবে শোষণ করতে পারে।
- বিছানার সর্বোচ্চ আরামের স্তর বজায় রেখে, রিমোটের সাহায্যে পকেট স্প্রিং পদ্ধতির জাজিমটিকে সহজেই সঙ্কুচিত বা প্রসারিত করার মাধ্যমে আরও শক্ত বা নরম করে নেওয়া যেতে পারে। এছাড়াও বিছানার বিভিন্ন আরামের অংশকে, যেমন কাঁধ ও নিতম্ব, সম্পূর্ণ নিজস্ব পছন্দ অনুযায়ী নিখুঁতভাবে সুক্ষ্ম সমন্বয় (ফাইন টিউন) করে নিতে পারেন।
- হাতে থাকা নিয়ন্ত্রকটি সর্বদা সঠিক দৃঢ়তার পরিমাপ প্রদর্শন করবে, ফলে এটি প্রত্যেক ব্যবহারকারীকে পরবর্তীকালে ব্যবহারের জন্য তাদের নিজস্ব অনন্য আরামের প্রোফাইল সরবরাহ করবে।
- উচ্চতা, ওজন, শরীরের আকৃতি বা পছন্দমতো ঘুমের ভঙ্গিমা নির্বিশেষে, YouBed প্রত্যেক ব্যবহারকারীর নিজস্ব প্রয়োজনের সাথে সামঞ্জস্য বিধান করবে।



## ধারণাটির প্রমাণ

2000 এর অধিক বিক্রিত YouBed এর উপর ভিত্তি করে, আমরা সাধারণ স্থির বিছানার স্থলে ব্যক্তিগত পছন্দ অনুযায়ী সমন্বয়যোগ্য YouBed প্রতিস্থাপনের প্রভাবে সঠিকভাবে বিশ্লেষণ এবং পরিমাপ করতে সক্ষম হয়েছি। বিভিন্ন সমীক্ষা থেকে প্রাপ্ত ফলাফল অত্যন্ত ইতিবাচক, যদিও আশ্চর্যজনক নয়, কারণ সেগুলিতে শিল্পটির মূল ব্যবসাকে প্রথমবারের মতো বাণিজ্যিকীকরণের প্রভাব দেখানো হয়েছে।

- একটি বড় এনপিএস সমীক্ষায় দেখা গেছে যে, সাধারণ বিছানা YouBed দ্বারা প্রতিস্থাপন করার পর সন্তুষ্ট গ্রাহক সংখ্যা (গ্রাহক সন্তুষ্টির সর্বোচ্চ স্তর হার) উল্লেখযোগ্য 14%<sup>1</sup> বৃদ্ধি পেয়েছে (যেখানে সাধারণত 3-5% কে গ্রাহক সন্তুষ্ট বৃদ্ধির ক্ষেত্রে সাফল্য হিসাবে বিবেচনা করা হয়ে থাকে)।
- গ্রাহক আনুগত্য নাটকীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। যারা YouBed সংযুক্ত কক্ষ ঘুমিয়েছেন তাদের মধ্যে 80% বলছেন যে, তারা পরবর্তীতে যখন আসবেন তখন একই ধরনের কক্ষ বেছে নেবেন, অন্যদিকে যারা অন্য কক্ষ ব্যবহার করেছেন তাদের মধ্যে এই হার হচ্ছে 20%।
- বাড়তি মূল্য প্রদানের আশ্রয় বৃদ্ধি পেয়েছে এবং কক্ষ ভাড়া প্রতি রাতের জন্য গড়ে 20 ইউরো<sup>2</sup> বাড়ানো হয়েছে।
- হোটেলগুলোর নতুন অতিথিদের আকৃষ্ট করার ভাল দক্ষতার ফলস্বরূপ কক্ষ এবং হোটেল ব্যবহার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।
- কোনো YouBed -এ বিনিয়োগকৃত অর্থ 3 থেকে 6 মাসের মধ্যে উঠে আসবে, যার অর্থ এই পণ্যের আয়ুষ্কালের মধ্যে প্রতিবছর বিনিয়োগকৃত অর্থের 2 থেকে 4 গুন উঠে আসবে ( 8 বছর পরে 16-32 গুন)।
- কেনার সিদ্ধান্ত নেওয়ার আগে প্রতিটি হোটেল চেইনকে ধারণাটি এবং এর প্রভাব মূল্যায়নের জন্য আমন্ত্রণ জানানো হবে



<sup>1</sup> <https://www.loopon.com/blog/adjustable-beds-study>

<sup>2</sup> ধারণাটি প্রমাণের জন্য রাজস্ব বৃদ্ধি ও গ্রাহক সন্তুষ্ট পরিমাপের সমীক্ষা কার্যক্রমে আমাদের যেসব অংশীদারের গড় নেওয়া হয়েছে: Mövenpick Hotel & Resorts, First Hotels and Scandic Hotels.